# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪৬২

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি জামা‘আত পায় কিন্তু ফজরের দুই রাকআত সুন্নাত পড়তে পারেনি, তার জন্য বৈধ আছে যে তিনি ফরযের পর তা আদায় করবেন

## ذِكْرُ الْإِبَاحَةِ لِمَنْ أَدْرَكَ الْجَمَاعَةَ وَلَمْ يصلِّ رَكْعَتَيِ الْفَجْرِ أَنْ يُصَلِّيَهَا فِي عَقِبِ صَلَاةِ الغداة

আরবী

2462 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ إِسْحَاقَ بْنِ إِبْرَاهِيمَ الْخَوْلَانِيُّ الْمِصْرِيُّ بِطَرَسُوسَ وَمُحَمَّدُ بْنُ الْمُنْذِرِ وَمُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ خُزَيْمَةَ قَالُوا: أَخْبَرَنَا الرَّبِيعُ بْنُ سُلَيْمَانَ قَالَ: حَدَّثَنَا أَسَدُ بْنُ مُوسَى قَالَ: حَدَّثَنَا اللَّيْثُ بْنُ سَعْدٍ عَنْ يَحْيَى بْنِ سَعِيدٍ عَنْ أَبِيهِ عَنْ جَدِّهِ قَيْسِ بْنِ قَهْدٍ: أَنَّهُ صَلَّى مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الصُّبْحَ وَلَمْ يَكُنْ رَكَعَ رَكْعَتَيِ الْفَجْرِ فَلَمَّا سَلَّمَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ سلَّم مَعَهُ ثُمَّ قَامَ فَرَكَعَ رَكْعَتَيِ الْفَجْرِ وَرَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَنْظُرُ إِلَيْهِ فَلَمْ يُنْكِرْ ذَلِكَ عَلَيْهِ.

الراوي : قَيْس بْن قَهْد | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2462 | خلاصة حكم المحدث : صحيح ـ ((صحيح أبي داود)) (1150)، ((المشكاة)) (1044).

বাংলা

২৪৬২. কাইস বিন কাহদ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন যে, তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে ফজরের সালাত আদায় করেছেন এমন অবস্থায় যে তিনি ফজরের দুই রাকা‘আত সালাত আদায় করেননি। অতঃপর যখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সালাম ফিরান, তখন তিনি দাঁড়িয়ে দুই রাকা‘আত সালাত আদায় করেন, তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তার দিকে তাকিয়ে দেখছিলেন। কিন্তু তিনি কোন প্রতিবাদ করেননি।”[1]

ফুটনোট

[1] মুসান্নাফ আব্দুর রাযযাক: ৪০১৬; মুসনাদ আহমাহ: ৫/৪৪৭; আবূ দাউদ: ১২৬৮; সহীহ ইবনু খুযাইমাহ: ১১১৬; হাকিম: ১/২৭৫; সুনান বাইহাকী: ২/৪৮৩; তিরমিযী: ৪২২; ইবনু মাজাহ: ১১৫৪; হুমাইদী: ৮৬৮; তাবারানী: ১৮/৯৩৮; দারাকুতনী: ১/৩৮৪।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটির ব্যাপারে স্পষ্ট কোন মন্তব্য করেননি। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১১৫০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ কাইস বিন কাহদ (রা.)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91787

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন